দৈনিক সংবাদ

তারিখ 14 MAY 1989
পৃষ্ঠা ৫ কলাম ৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ...
ডকুমেন্টেশন
কেন্দ্র

82

## নিয়মিত ক্লাস নেবার আবেদন শীর্ষক চিঠির প্রতিবাদ

গত ২২-৩-৮৯ ইং তারিখে প্রকাশিত "সংবাদ" পত্রিকার চিঠিপত্র কলামে জনৈক ছাত্রীর উদ্ধৃতি দিয়ে "নিয়মিত ক্লাস নেবার আবেদন" শিরোনামে যে চিঠি ছাপা হয়েছে আমরা তার তীব্র প্রতিবাদ করছি। চিঠিতে উল্লেখ করা হয় Reproduction in farm animal & Artificial Insemination (Proctical) ক্লাস শিক্ষকের অভাবে বন্ধ। অথচ আমাদের এ বিষয়টির ক্লাসই সবচেয়ে বেশী এগিয়ে আছে। কাজেই চিঠিতে এ ধরনের উক্তি সম্পূর্ণ ভিত্তিহীন এবং উদ্দেশ্য-প্রণোদিত।

চিঠিতে প্রজেক্টধারী শিক্ষক-দের সম্পর্কে যে সকল উক্তি করা হয়েছে তাও আপত্তিজনক। এ ক্ষেত্রে পত্র লেখিকাকে প্রজেক্ট-এর প্রয়োজনীয়তা সম্বন্ধে বলতে চাই। যেকোন ধরনের বিজ্ঞান শিক্ষাকে অধিকতর কার্য-করী করার জন্য হাতে-কলমে অধ্যয়ন অপরিহার্য। আর পশু পালন এমন একটি বিষয় যার সাথে পুরোপুরি সম্পৃক্ত না থাকলে শিক্ষার্থীর শিক্ষা অপূর্ণ থাকবে। বিভিন্ন প্রজেক্টেই হাতে-কলমে কাজ শিক্ষার সুযোগ থাকে। এ ক্ষেত্রে আমরা উল্লেখ করতে পারি, সম্প্রতি নিউট্রিশান ডিপার্ট-মেন্টের একটি প্রজেক্ট আমাদের Feeds and Feeding ব্যবহারিক ক্লাসকে বাস্তবমুখী করতে উল্লেখ-যোগ্য ভূমিকা রেখেছে। তাছাড়া বিভিন্ন প্রয়োজনীয় তথ্য যা প্রযুক্তি বাস্তবায়নে দরকার তা কেবলমাত্র গবেষণারত বিভিন্ন প্রজেক্ট থেকেই পাওয়া যায়। এক কথায় বলা যায় গবেষণা ছাড়া কোন প্রযুক্তির সফল বাস্ত-বায়ন সম্ভব নয়। আর গবেষণা করতে হলে প্রজেক্ট অপরিহার্য। সে ক্ষেত্রে পত্র লেখিকার এ ধর-নের উক্তির আমরা তীব্র নিন্দা করছি।

প্রসংগত: উল্লেখ্য, ৬-৪-৮৯ তারিখে প্রকাশিত এক চিঠিতে চতুর্থ বর্ষের ছাত্রীবৃন্দ প্রতিবাদ করে বলে যে, তারা কেউ এ চিঠির সাথে জড়িত নয়। কাজেই চিঠির সাথে আমাদের চতুর্থবর্ষের ছাত্র-ছাত্রী ব্যতিরেকে অন্য কেউ জড়িত কিনা এ ব্যাপারে গন্দেহের অবকাশ রাখে।

এ ধরনের ভিত্তিহীন লেখা প্রশংসা তো পাবেই না, বরং তীব্র নিন্দা পাওয়ার যোগ্য। আমরা চিঠিটির তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

ক্লাস প্রতিনিধি

মো: তাসারফ হোসেন ফরাজী,
মো: ইউনুছ আলী,
৪র্থ বর্ষ, পশুপালন অনুষদ,
বা: কৃ: বি: ময়মনসিংহ